

## সমাবর্তনে রাষ্ট্রপতি

ছাত্রছাত্রীদের নৈতিক শিক্ষায়  
শিক্ষিত হতে হবে

নিজস্ব বার্তা পরিবেশক : রাষ্ট্রপতি প্রফেসর এ. কিউ এম বদরুদ্দোজা চৌধুরী বলেছেন, বিজ্ঞান- ও কারিগরি শিক্ষার পাশাপাশি ছাত্রছাত্রীদের নৈতিক শিক্ষায় শিক্ষিত হতে হবে। পরিপূর্ণ মাগরিক হয়ে গড়ে উঠতে হবে। সোমবার সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির প্রথম সমাবর্তন অনুষ্ঠানে তিনি একথা বলেন।

রাষ্ট্রপতি বলেন, বর্তমান সময়ের চাহিদা পূরণের পাশাপাশি ছাত্রছাত্রীদের মধ্যে নৈতিক ও চারিত্রিক গুণাবলি থাকা উচিত। তিনি বলেন, আমাদের শিক্ষার মানের অবনতি ঘটেছে। আমাদের একটা ঐতিহ্য ছিল। যে ঐতিহ্য আমাদের গর্বিত করে। কিন্তু সেই ঐতিহ্য নিয়ে এখন বসে থাকলে চলবে না। আরও সামনের দিকে এগিয়ে যেতে হবে। তার জন্য দরকার সুশিক্ষা। ভাল শিক্ষা প্রতিষ্ঠান, ভাল ব্যবস্থাপনা, দ

নিবেদিত প্রাণ শিক্ষক, শৃঙ্খলাবদ্ধ আদর্শ-সবকিছু শিক্ষা প্রতিষ্ঠানে থাকা উচিত। তিনি বর্তমান সমাজে নারী শিক্ষার প্রতি যথেষ্ট গুরুত্ব দেন। তিনি বলেন, মহিলাদের প্রকৃত শিক্ষায় শিক্ষিত করে গড়ে তুলতে হবে। সমাজের প্রয়োজনেই তাদের শিক্ষিত হওয়া উচিত। দেশের উন্নয়নের সঙ্গে নারী শিক্ষা জড়িত। তিনি বলেন, শিক্ষার সঙ্গে ছাত্রছাত্রীদের সমগ্র জীবনের উন্নয়ন জড়িত, এটা ভুলে গেলে চলবে না।

রাষ্ট্রপতি : পৃঃ ১১ কঃ ৫

## রাষ্ট্রপতি : সমাবর্তন

(১২ পৃষ্ঠার পর)

রাষ্ট্রপতি, বদরুদ্দোজা চৌধুরী সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির চ্যান্সেলর হিসেবে ছাত্রীদের অনার্স ও মাস্টার্স ডিগ্রি প্রদান করেন। তিনি চ্যান্সেলর গোল্ড মেডেল পাওয়া সাকিবা আরেফিনকে গোল্ড মেডেল উপহার দেন। সমাবর্তন অনুষ্ঠানে সমাবর্তন বক্তৃতা রাখেন অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরী। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রফেসর সরদার ফজলুল করিম, ইউনি-ভার্সিটির ভিসি কুলসুম হুদা, প্রফেসর আয়শা আক্তার ও বোগদাদী মাহমুদা নাসরিন।

অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরী বলেন, বিশ্ববিদ্যালয়গুলো জ্ঞানের আহরণ, বিতরণ ও সামাজিক দায়িত্ব পালনের কারণে অনন্য হয়ে ওঠে। সামাজিক অঙ্গীকার স্পষ্ট হয়ে ওঠে। বাজারের চাহিদা মেটানো কখনোই বিশ্ববিদ্যালয়ের সাফল্য হতে পারে না।